দৈনিক জনকণ্ঠ

তারিখ 02 JAN 1994
পৃষ্ঠা ২ কলাম ৩

25

### পরীক্ষার হলে হাঙ্গামা

# চট্টগ্রামে ৩ ছাত্রের ১২ বছর করে জেল

চট্টগ্রাম, ১ জানুয়ারি (বাসস)।— সন্ত্রাস বিরোধী ট্রাইব্যুনাল ও সেকেন্ড এডিশনাল জজ সৈয়দ এনায়েতুল্লাহ পরীক্ষার হলে হাঙ্গামা, মারধর ও উচ্ছৃঙ্খল আচরণের অভিযোগে আজ তিনজন ছাত্রের প্রত্যেককে ১২ বছরের সশ্রম কারাদণ্ড ও তিন হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ন' বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন।

মামলার বিবরণে প্রকাশ, আনোয়ারা কলেজের ২২ জন ছাত্রকে বহিষ্কারের প্রতিবাদে ক্ষুব্ধ একদল ছাত্র ভাঙচুর

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)।

## চট্টগ্রামে ৩ ছাত্রের

(প্রথম পৃষ্ঠার পর)

করে এবং ডেপুটি কমিশনারের (রাজস্ব) গাড়ি ভাঙে। গত বছর ২১ জুন এইচএসসি পরীক্ষার সময় এ ঘটনা ঘটে। ক্ষুব্ধ ছাত্ররা এক পর্যায়ে কর্তব্যরত পুলিশের ওপর হামলা চালায়। পরে পুলিশ ঐ তিনজনকে গ্রেফতার করে। কলেজের অধ্যক্ষ আনোয়ারা থানায় মামলা করেন।

বিচারক ১২ জন সাক্ষীর জেরা শেষে আনোয়ারা থানার কনক বরণ ঘোষ, আবদুল কাইয়ুম ও রঘুপতি সেনকে দোষী সাব্যস্ত করেন। সরকার পক্ষে পিপি কফিলউদ্দিন চৌধুরী ও আসামীদের পক্ষে ১০ জন কৌসুলি মামলা পরিচালনা করেন।

### জাপা

আমাদের খুলনা অফিস জানায়, জাতীয় পার্টির অষ্টম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে খুলনা ডাকবাংলার দলীয় কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ডাঃ মওলানা খেলাফত হোসাইনের সভাপতিত্বে বক্তৃতা করেন এ্যাডভোকেট মমিন উদ্দীন আহমেদ, মোক্তার হোসেন, লোকমান হাকিম প্রমুখ।